

সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৬০

পর্ব-১: ত্বহারাহ্ (পবিত্রতা) (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৪৮: বরফ দ্বারা উষু করা

بَابُ الْوُضُوءِ بِالتَّلْجِ

আরবী

أَخْبَرَنَا عَلِيُّ بْنُ حُجْرٍ، قَالَ: حَدَّثَنَا جَرِيرٌ، عَنْ عُمَارَةَ بْنِ الْقَعْقَاعِ، عَنْ أَبِي زُرْعَةَ بْنِ عَمْرِو بْنِ جَرِيرٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا اسْتَفْتَحَ الصَّلَاةَ سَكَتَ هُنَيْهَةً، فَقُلْتُ: بِأَبِي أَنْتَ وَأُمِّي يَا رَسُولَ اللَّهِ، مَا تَقُولُ فِي سُكُوتِكَ بَيْنَ التَّكْبِيرِ وَالْقِرَاءَةِ؟ قَالَ: أَقُولُ: اللَّهُمَّ بَاعِدْ بَيْنِي وَبَيْنَ خَطَايَايَ كَمَا بَاعَدْتَ بَيْنَ الْمَشْرِقِ وَالْمَغْرِبِ، اللَّهُمَّ نَقِّنِي مِنْ خَطَايَايَ كَمَا يُنَقَّى الثَّوْبُ الْأَبْيَضُ مِنَ الدَّنَسِ، اللَّهُمَّ اغْسِلْنِي مِنْ خَطَايَايَ بِالتَّلْجِ وَالْمَاءِ وَالْبَرَدِ .

تخريج دارالدعوة: صحيح البخارى/الأذان ٨٩ (٧٢٢)، صحيح مسلم/المساجد ٢٧ (٥٩٨)، سنن ابى داود/الصلاة ١٢١ (٧٨١)، سنن ابن ماجه/إقامة الصلاة ١ (٨٠٥)، (تحفة الأشراف: ١٤٨٩٦)، مسند احمد ٢/٢٣١، ٢٩٢، سنن الدارمى/الصلاة ٣٧ (١٢٨٠)، ويأتى عند المؤلف بأرقام: (٣٣٤، ٨٩٥، ٨٩٦) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 60 – صحيح

বাংলা

৬০. আলী ইবনু হুজুর (রহ.) আবু হুরায়রাহ্ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) সালাত আরম্ভ করার পর অল্পক্ষণ চুপ থাকতেন। আমি বললাম, হে আল্লাহর রসূল! আমার পিতা-মাতা আপনার জন্যে কুরবান হোক; তাকবীর ও কিরাআতের মধ্যবর্তী চুপ থাকার সময় আপনি কি পাঠ করেন? তিনি বললেন, আমি তখন পড়ি: “আল্ল-হুম্মা বা-ইদ বায়নী ওয়া বায়না খত্বা-ইয়া-ইয়া কামা- বা-আদতা বায়নাল মাশরিকি ওয়াল মাগরিব,

আল্লাহ-হুম্মা নাকিনী মিন খত্বা-ইয়া-ইয়া কামা- ইউনাক্কস্ সাওবুল আবইয়ায়ু মিনাদ দানাস, আল্লাহ-হুম্মাগ সিলনী মিন খত্বা-ইয়া-ইয়া বিসসালজি ওয়াল মা-য়ি ওয়াল বারাদ।” অর্থাৎ- “হে আল্লাহ! পূর্ব পশ্চিমের মধ্যে আপনি যেমন দূরত্ব সৃষ্টি করেছেন তেমনি আমার ও আমার অপরাধসমূহের মধ্যে দূরত্ব তৈরি করে দিন। হে আল্লাহ! আমার গুনাহসমূহ থেকে আমাকে পবিত্র করুন যেমন সাদা কাপড় ময়লা থেকে পবিত্র করা হয়। হে আল্লাহ! আমার গুনাহসমূহ থেকে আমাকে ধৌত করে দিন বরফ, পানি এবং শিশির বিন্দু দিয়ে।”

English

48. Wudu' With Snow

It was narrated that Abu Hurairah said: When the Messenger of Allah (ﷺ) started Salah, he would remain silent for a short while. I said: 'May my father and mother be ransomed for you, O Messenger of Allah! What do you say when you remain silent between the Takbir and the recitation (in the Salah)?' He said: 'I say: Allahumma ba'id baini was baina khatayaya kama ba'adta baina al-mashriq wal-maghrib; Allahumma naqqini min khatayaya kama yunaqqath-thawb al-abyad min ad-danas; Allahummaghhsilni min khatayaya bith-thalji wal-ma'i wal-barad (O Allah, out a great distance between me and my sins, as great as the distance You have made between the East and the West; O Allah, cleanse me of of sin as a white garment is cleansed from filth; Wash away my sins with snow, water, and hail)'.

ফুটনোট

সহীহ: বুখারী ৭৪৪, মুসলিম ৫৯৮, ইবনু মাজাহ ৫০৮।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=86331>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন